



খবর » কলকাতা

'দিদিকে বলো' ও 'দুয়ারে সরকার'-এ ৯৫% সমাধান, Mamata-র প্রশংসায় অমর্ত্যের ট্রাস্ট

রাজ্যে পশ্চিম মেদিনীপুরে জেলার মানুষ সবচেয়ে বেশি এই দুই কর্মসূচির সুবিধা নিয়েছেন।

Updated By: Jul 23, 2021, 10:44 PM IST

Comment |



নিজস্ব প্রতিবেদন: 'দিদিকে বলো' ও 'দুয়ারে সরকার' কর্মসূচির প্রশংসা করল অমর্ত্য সেন পরিচালিত প্রতীচী ট্রাস্ট। 'গভর্ন্যান্স অ্যাজ অ্যাকশন ওরিয়েন্টেড' নামে একটি সমীক্ষা রিপোর্টে তারা দাবি করেছে, 'দুয়ারে সরকার' ও 'দিদিকে বলো' কর্মসূচিতে ৯৫ শতাংশ অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

LIVE TV

২০১৯ সালে চালু হয়েছিল 'দিদিকে বলো'। পরের বছর ২০২০-তে শুরু হয় 'দুয়ারে সরকার'। প্রতীচী ট্রাস্টের সমীক্ষা রিপোর্টে বলা হয়েছে, বিভিন্ন এলাকায় শুরু হয় 'দুয়ারে সরকার'-এর শিবির। আর 'দিদিকে বলো' প্রযুক্তি নির্ভর। 'দিদিকে বলো' কর্মসূচিতে অনলাইনে ১০ লক্ষ মানুষ অভিযোগ করেছিলেন। আর 'দুয়ারে সরকার'-এ জমা পড়েছিল ২.৭৫ কোটি অভিযোগ। তার ৯৫ শতাংশ অভিযোগের সমাধান হয়েছে। এটা প্রতিষ্ঠানিক নয় বরং গোষ্ঠী-নির্ভর পরিষেবা। ফলে এই কাঠামোয় আসতে পেরেছেন বিশাল অংশের মানুষ, যাঁরা প্রাতিষ্ঠানিক পরিকাঠামোয় যেতে পারতেন না।

মমতা বন্দ্যোপাধ্যায়ের বিপুল আসন জয়ের নেপথ্যে অবদান রয়েছে রাজ্যের মহিলাদের। দু'টি কর্মসূচির মাধ্যমে অভিযোগ করেছেন ৪৫ শতাংশ মহিলা। পরিসংখ্যান বলছে, মহিলারা নিজেদের অধিকার সম্পর্কে সচেতন। মহিলাদের জন্য সামাজিক প্রকল্প যেমন কন্যাশ্রী, রূপশ্রী, শিক্ষাবৃত্তি ও বিধবা পেনশন নিয়ে অভিযোগ জমা পড়েছে। তাছাড়া আমপান ও কোভিড সংক্রান্ত অভিযোগও করেছেন মহিলারা।

রিপোর্টে বলা হয়েছে, রাজ্যে পশ্চিম মেদিনীপুরে জেলার মানুষ সবচেয়ে বেশি এই দুই কর্মসূচির সুবিধা নিয়েছেন। ১৭ শতাংশ অভিযোগ এসেছে ওই জেলা থেকে। তার পর পূর্ব মেদিনীপুর। সেখান থেকে এসেছে ১১ শতাংশ অভিযোগ।

LIVE TV

Tags:

[Amartya Sen](#) [Mamata Banerjee](#) [didi ke bolo](#) [duare sarkar](#) [Pratichi](#)